


প্রকাশ : শুক্রবার, ২৭ নভেম্বর, ২০১৫ ০০:০০ টা  
আপলোড : ২৭ নভেম্বর, ২০১৫ ০২:৫৯

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

# ঢাকায় নামছে নারী ও শিশুবান্ধব তিন হাজার বাস : আনিসুল হক

| নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, ঢাকা শহরে নতুন তিন হাজার বাস নামাব। যেগুলো নারী ও শিশুবান্ধব হবে। ইতিমধ্যে ১০০ থেকে ১২৫ পাবলিক টয়লেট স্থাপনের কাজ চলছে, সেখানে নারীদের জন্য সংরক্ষিত টয়লেটও থাকবে। রাজধানীর বনানী ক্লাব মাঠে গতকাল নারী নির্যাতন প্রতিরোধ পক্ষের অনুষ্ঠানে তিনি এসব তথ্য দেন। নারীনেত্রী ফারাখ খানের সঞ্চালনায় এতে আরও বক্তব্য রাখেন সালমা খান, য়ায়েদা ইম্পাহানী, খুশি কবির, হাবিবা প্রমুখ। অ্যাকশন এইড ফেডারেশনের উদ্যোগে সারাবিশ্বের ১৭টি দেশের মতো বাংলাদেশেও নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উদযাপন হচ্ছে। এ উপলক্ষে স্থানীয়ভাবে ‘বাল্যবিবাহ/শিশুবিবাহ বন্ধ করুন’ এবং জাতীয় পর্যায়ে ‘নারীদের জন্য নিরাপদ নগরী-সার্বজনিক স্থানে যৌন হয়রানি বন্ধ করুন’ শিরোনামে প্রচারাভিযান পরিচালনার উদ্যোগ নেওয়া হয়েছে।